

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৩৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬. তৃতীয় অনুচ্ছেদ - নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দর্মদ পাঠ ও তার মর্যাদা

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو قَالَ: مَنْ صَلَّى عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاحِدَةً صَلَّى اللَّهُ عَلَيْهِ وَمَلَائِكَتُهُ سَبْعِينَ صَلَاةً. رَوَاهُ أَحْمد

বাংলা

৯৩৫-[১৭] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যে ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর একবার দর্দ্দ পাঠ করবে আল্লাহ তা'আলা ও তাঁর মালায়িকাহ্ তার ওপর সত্তরবার দর্দ পাঠ করেন। (আহমাদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আহমাদ ৬৫৬৯, য'ঈফ আত্ তারগীব ১০৩০। কারণ এর সানাদে ইবনু লাহ্ইয়া নামক দুর্বল রাবী রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস এবং ইতিপূর্বে আবূ হুরায়রাহ্ (রাঃ)-এর হাদীস মারফূ' সূত্রে "যে ব্যক্তি একবার আমার ওপর দর্মদ পাঠ করবে আল্লাহ তা'আলা দশবার তার ওপর রহমাত নাযিল করবেন" দু' হাদীসের দ্বন্দের সমাধান আলোচিত হয়েছে পূর্বে।

আর মুল্লা 'আলী ক্বারী বলেন, সম্ভবত এটা জুমু'আর দিনের সাথে সংশ্লিষ্ট কারণ বর্ণিত আছে, জুমু'আর দিনের 'আমল সত্তর গুণে বৃদ্ধি করা হয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=55494}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন